তারিখ ... [illegible] 2014 ...
পৃষ্ঠা ... ৬৩ ... কলাম ... ২ ...

দৈনিক
ইত্তেফাক

# হরতালে ১২৫ শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতি সোয়া দুই কোটি টাকা

## সংসদে শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষা মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, হরতাল-অবরোধের অজুহাতে ভাংচুর ও অগ্নি সংযোগের মাধ্যমে বিএনপি-জামায়াতের হামলায় ১২৫টি শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রাথমিকভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ দুই কোটি ২৫ লাখ টাকা। রবিবার জাতীয় সংসদে মোয়াজ্জেম হোসেন রতনের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। মন্ত্রী বলেন, প্রাথমিক বিবরণীতে ৮৭টি মাধ্যমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছে। যার মধ্যে ৫টি বিদ্যালয় সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে আর্থিক ক্ষতির পরিমাণ এক কোটি ৮০ লাখ টাকা। এছাড়া ১২টি কলেজ ও স্কুল অ্যান্ড কলেজে ক্ষতির পরিমাণ ২৫ লাখ টাকা এবং ২৬টি মাদরাসা আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে, এতে ক্ষতির পরিমাণ ২২ লাখ টাকা।

মো. ইসরাফিল আলমের অপর এক প্রশ্নের জবাবে নুরুল ইসলাম নাহিদ বলেন, সিরাজগঞ্জ জেলায় শাহজাদপুরে, কুষ্টিয়া জেলার শিলাইদহ ও নওগাঁ জেলার পতিসর বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত। রবীন্দ্রনাথ ঠাকুরের উপর উচ্চশিক্ষা ও গবেষণার জন্য 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়'-এর মূল ক্যাম্পাস সিরাজগঞ্জের শাহজাদপুরে স্থাপিত হবে। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়টির শাখা ক্যাম্পাস কুষ্টিয়ার শিলাইদহ এবং নওগাঁর পতিসরে স্থাপনের পরিকল্পনা সরকারের রয়েছে। পতিসরস্থ কবি রবীন্দ্রনাথ ঠাকুর কৃষি ইনস্টিটিউটকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার আপাতত কোনো পরিকল্পনা সরকারের নেই।

নুরুন্নবী চৌধুরীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, দেশে বিদ্যমান কওমী মাদ্রাসাগুলো তাদের নিজস্ব নীতিমালার ভিত্তিতে পরিচালিত হয়। কওমী মাদ্রাসগুলো বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত নয়। এ সকল মাদ্রাসা তাদের নিজস্ব ধারায় কওমী বোর্ডের মাধ্যমে পরিচালিত হয়। ইতোপূর্বে কওমী শিক্ষা ব্যবস্থাকে মূলধারার শিক্ষা ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত করার কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। বর্তমান সরকার জাতীয় শিক্ষানীতি-২০১০-এর নির্দেশনা অনুসারে কওমী মাদ্রাসার শিক্ষা ও ব্যবস্থাপনা, শিক্ষাদানের বিষয় এবং কওমী মাদ্রাসা শিক্ষা সনদের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে কওমী মাদ্রাসা শিক্ষা কমিশন গঠন করেছে। ইতোমধ্যে কমিশন কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন মন্ত্রণালয়ে বিবেচনাধীন রয়েছে।

গোলাম মোস্তফার এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী দেশের প্রত্যেক উপজেলায় একটি করে মডেল বিদ্যালয় স্থাপনের কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে যে সকল উপজেলায় সরকারি হাই স্কুল নেই, সে সকল উপজেলায় '৩১০ উপজেলা সদরে অবস্থিত নির্বাচিত বেসরকারি বিদ্যালয়সমূহকে মডেল স্কুলে রূপান্তর' শীর্ষক সংশোধিত প্রকল্পের আওতায় মডেল স্কুল প্রতিষ্ঠার কার্যক্রম চলছে। তাছাড়া, ভবিষ্যতে সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করলে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের বিষয়ে ব্যবস্থা নেয়া যেতে পারে।

এম আবদুল লতিফের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, চলতি অর্থ-বছরে সরকার অনুমোদিত সকল স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-ভাতা বাবদ সাত হাজার ১৩২ কোটি ৪৬ লাখ ২৩ হাজার আটশ টাকা ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। যা ২০১২-১৩ অর্থ বছরে ব্যয় হয়েছিলো পাঁচ হাজার ৮৪১ কোটি ৭৪ লাখ ৩১ হাজার টাকা।

বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিগগিরই শিক্ষক নিয়োগ: দেশের রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শূন্য পদে সরকারি বিধি অনুযায়ী শিগগিরই শিক্ষক নিয়োগ করা হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান। এছাড়াও উপজেলা নির্বাচনের কারণে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক বদলি বন্ধ রয়েছে বলেও জানান তিনি। পঙ্কজ নাথের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। তিনি বলেন, দেশের সব প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে ২ লাখ ১১ হাজার ৭শ ৫৭ জন শিক্ষক কর্মরত আছেন। অবসর গ্রহণ ও অন্যান্য কারণে শূন্য নতুন পদে নিয়োগের মাধ্যমে শিক্ষক পদায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী রেজিস্টার্ড বেসরকারি বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে।